

৪ ছাত্রীকে যৌন হয়রানি

শ্রীপুরে শিক্ষকের বিচার দাবিতে ফুসে উঠছে এলাকাসী

■ শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

শ্রীপুরের চকপাড়ার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ ও পঞ্চম শ্রেণীর চার ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে সহকারী শিক্ষক মেজবাহ উদ্দিনের বিচারের দাবিতে ফুসে উঠছে এলাকাসী। পনিবার সন্ধ্যায় বিদ্যালয় চত্বরে সহস্রাধিক লোক জড়ো হয়ে এ ঘটনার প্রতিবাদ ও বিচার দাবি করে। এমিকে অভিযোগের সত্যতা পাওয়া গেছে বলে জানিয়েছেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্য আমিনুল ইসলাম। বিদ্যালয়ের ছাত্রীরা কয়েকদিন ধরেই শিক্ষক মেজবাহ উদ্দিনের বিরুদ্ধে যোবাইল ফোনসেটে নম্ব ছবি দেখিয়ে নানাভাবে যৌন হয়রানির অভিযোগ করে আসছিল। পনিবার সন্ধ্যায় বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্যরা জরুরি সভা শেষে প্রতীককে গিয়ে ছাত্রীদের সঙ্গে কবিতার লোকজন কথা বলে ঘটনার সত্যতা পান। অভিযুক্ত শিক্ষক মেজবাহ উদ্দিন বলেন: 'আমি মৃত্যুস্তরের শিকার।' ইউএনও আজীজ হায়দার তুইয়া জানান, ঘটনার সত্যতা পাওয়া গেলে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।